

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৩, ২০২৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৮ কার্তিক, ১৪৩০/১৩ নভেম্বর, ২০২৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৮ কার্তিক, ১৪৩০ মোতাবেক ১৩ নভেম্বর, ২০২৩ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

২০২৩ সনের ৪৩ নং আইন

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২নং আইন) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (সংশোধন) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০১০ সনের ৪২নং আইনের ধারা ৬ এর সংশোধন।—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৬ এর—

(১৬১৯৩)

মূল্য : টাকা ৪.০০

- (ক) উপধারা (১) এ উল্লিখিত “Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance No. II of 1982)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে “স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১নং আইন)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) উপধারা (২) এ উল্লিখিত “Ordinance এর” শব্দগুলির পরিবর্তে “আইনের” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৩। ২০১০ সনের ৪২নং আইনের ধারা ১৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৩ এর—

- (ক) “(১)” বন্ধনী ও সংখ্যা বিলুপ্ত হইবে;
- (খ) দফা (ঘ) এ উল্লিখিত “Electricity Act, 1910 (Act No. IX of 1910)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে “বিদ্যুৎ আইন, ২০১৮ (২০১৮ সনের ৭নং আইন)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (গ) দফা (ঙ) এ উল্লিখিত “Boilers Act, 1923 (Act No. V of 1923)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে “বয়লার আইন, ২০২২ (২০২২ সনের ৬নং আইন)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) দফা (ছ) এ উল্লিখিত “Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1953)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে “আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২নং আইন)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) দফা (ঝ) এ উল্লিখিত “Land Development Tax Ordinance, 1976 (Ordinance No. XLII of 1976)” শব্দগুলি, সংখ্যাগুলি, কমা ও বন্ধনীর পরিবর্তে “ভূমি উন্নয়ন কর আইন, ২০২৩” শব্দগুলি, সংখ্যাগুলি এবং কমা প্রতিস্থাপিত হইবে;
- (চ) দফা (ঠ) এ উল্লিখিত “মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে “মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭নং আইন)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং
- (ছ) দফা (ড) বিলুপ্ত হইবে।

৪। ২০১০ সনের ৪২নং আইনের ধারা ৩৪ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ৩৪ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৩৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৩৪। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর প্রযোজ্যতা।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর বিধানাবলী, এই আইনের অধীন প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলের ক্ষেত্রে, প্রয়োজনীয় অভিযোজন সহকারে, প্রযোজ্য হইবে।”

কে, এম, আব্দুস সালাম
সিনিয়র সচিব।

৫

